ঐশী জ্যোতিই আমাদের পথ প্রদর্শক

# রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় ।

RUET

স্মারক নং ঃ- রুয়েট/ অর্থ ও হিসাব/আয়কর/২০২৬-২০২৭/৯৭ তারিখ ঃ ০৬/০৭/২০২৬ খ্রিঃ।

প্রতি,

সকল ডীন/পরিচালক/বিভাগীয় প্রধান/প্রভোষ্ট/দপ্তর/শাখা প্রধান
রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

**বিষয়ঃ ২০২৬-২০২৭ অর্থ বছরে বেতন-ভাতা হতে উৎসে কর কর্তন প্রসঙ্গে।**

জনাব,

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে অত্র বিশ্ববিদ্যালয়ের সম্মানিত সকল শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীর অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অর্থ আইন, ২০২৬ অনুযায়ী আগামী ২০২৭-২০২৮ সনের করবর্ষের জন্য জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক করযোগ্য আয়ের করমুক্ত সীমা পুরুষদের ক্ষেত্রে ৪,০০,০০০/- (চার লক্ষ) টাকা ও মহিলাদের ক্ষেত্রে ৪,৫০,০০০/- (চার লক্ষ পঞ্চাশ হাজার ) টাকা নির্ধারণ করা হয়েছে (কপি সংযুক্ত)। উল্লিখিত কারণে চলতি আয় বৎসর ২০২৬-২০২৭ সনের জুলাই-২০২৬ মাস হতে জুন-২০২৭ মাস পর্যন্ত প্রতি মাসের বেতন-ভাতা হতে মাসিক কত টাকা হারে উৎসে কর বাবদ কর্তন করতে ইচ্ছুক তা সংযুক্ত ছক পূরণ করে আগামী ১৫ জুলাই ২০২৬ তারিখের মধ্যে অর্থ ও হিসাব শাখার স্ব স্ব বেতন প্রস্তুতকারী কর্মকর্তার নিকট উপস্থাপন করার জন্য বিনীত অনুরোধ করা হলো।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে,

06/07/26

(শেখ মোঃ ফয়ছাল আরেফিন)
কম্পট্রোলার (ভারপ্রাপ্ত)
রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

স্মারক নং ঃ- রুয়েট/ অর্থ ও হিসাব/আয়কর/২০২৬-২০২৭/৯৭/৫০ তারিখ ঃ ০৬/০৭/২০২৬ খ্রিঃ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রদান ঃ

১। সকল ডীন, অত্র বিশ্ববিদ্যালয়।
২। সকল ইনষ্টিটিউট পরিচালক, অত্র বিশ্ববিদ্যালয়।
৩। রেজিষ্ট্রার, অত্র বিশ্ববিদ্যালয়।
৪। সকল বিভাগীয় প্রধান, অত্র বিশ্ববিদ্যালয়।
৫। সকল প্রভোষ্ট, অত্র বিশ্ববিদ্যালয়।
৬। সকল পরিচালক, অত্র বিশ্ববিদ্যালয়।
৭। দপ্তর প্রধান/শাখা...................... অত্র বিশ্ববিদ্যালয়।
৮। পি.এস-টু ভাইস-চ্যান্সেলর, অত্র বিশ্ববিদ্যালয়।

(২–৮: সংশ্লিষ্ট বিভাগ/ইনষ্টিটিউট/দপ্তরের সকল শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীকে অবগত করার অনুরোধসহ)

৯। আইসিটি সেল (ওয়েব সাইটে প্রচারের অনুরোধসহ)
১০। নথি।

০৬/০৭/২০২৬

(মোঃ মুক্তার হোসেন)
সিনিঃ সহকারী পরিচালক (অ ও হি)
রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

E: Muktar/Income tax/Assesment Year 2026-2027/Forwading.doc

## তফসিল-২

[ধারা ১৬০ দ্রষ্টব্য]

### প্রথম অংশ

### ২০২৬-২০২৭ হইতে ২০৩০-২০৩১ করবর্ষের (৫ বৎসরের) জন্য করহার

### অনুচ্ছেদ-ক

### ২০২৬-২০২৭ এবং ২০২৭-২০২৮ করবর্ষের জন্য করহার

আয়কর আইন, ২০২৩ (২০২৩ সনের ১২ নং আইন) এর ধারা ২(৬৯) এ সংজ্ঞায়িত ব্যক্তিগণের (persons) মধ্যে অনিবাসী বাংলাদেশিসহ সকল স্বাভাবিক ব্যক্তি (individual) ও হিন্দু অবিভক্ত পরিবারের ক্ষেত্রে মোট আয়ের উপর করহার নিম্নরূপ হইবে, যথা:—

| করধাপ | করহার |
|---|---|
| ৪,০০,০০০ টাকা পর্যন্ত | শূন্য |
| পরবর্তী ৩,০০,০০০ টাকা পর্যন্ত | ১০% |
| পরবর্তী ৪,০০,০০০ টাকা পর্যন্ত | ১৫% |
| পরবর্তী ৫,০০,০০০ টাকা পর্যন্ত | ২০% |
| পরবর্তী ২০,০০,০০০ টাকা পর্যন্ত | ২৫% |
| অবশিষ্ট টাকার উপর | ৩০% |

তবে শর্ত থাকে যে,—

(ক) মহিলা করদাতা এবং ৬৫ বৎসর বা তদূর্ধ্ব বয়সের করদাতার করমুক্ত আয়ের সীমা হইবে ৪,৫০,০০০ টাকা;

(খ) তৃতীয় লিঙ্গের করদাতা এবং প্রতিবন্ধী স্বাভাবিক ব্যক্তি করদাতার করমুক্ত আয়ের সীমা হইবে ৫,২৫,০০০ টাকা;

(গ) গেজেটভুক্ত যুদ্ধাহত মুক্তিযোদ্ধা এবং জুলাই গণঅভ্যুত্থান ২০২৪ এ আহত গেজেটভুক্ত জুলাই যোদ্ধা করদাতার করমুক্ত আয়ের সীমা হইবে ৫,৫০,০০০ টাকা;

(ঘ) কোনো প্রতিবন্ধী ব্যক্তির পিতামাতা বা আইনানুগ অভিভাবকের প্রত্যেক সন্তান/পোষ্যের জন্য করমুক্ত আয়ের সীমা ৫০,০০০ টাকা অধিক হইবে, তবে প্রতিবন্ধী ব্যক্তির পিতা ও মাতা উভয়েই করদাতা হইলে যেকোনো একজন এই সুবিধা ভোগ করিবেন;

(ঙ) বাংলাদেশে অনিবাসী (অনিবাসী বাংলাদেশি ব্যতীত) এইরূপ সকল করদাতার জন্য এই অনুচ্ছেদ প্রযোজ্য হইবে না;

বিভাগ/হল/দপ্তর/শাখার নাম.................................................................

| ক্র.নং | নাম | পদবী | মাসিক উৎসে কর কর্তনের পরিমান (টাকা) | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |

স্বাক্ষর

(ডীন/পরিচালক/বিভাগীয় প্রধান/প্রভোষ্ট/দপ্তর/শাখা প্রধান)
রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।